

### দ্বিতীয় দার্স

#### অপবিত্রতার প্রকার সমূহ

### الدرس الثاني

#### أنواع النجاسة

পেশাব ও পায়খানার দ্বার দিয়ে যে অপবিত্রতা বের হয় তা কয়েক প্রকারেরঃ মেমন,

(ক) পেশাব-পায়খানা।

(খ) অদীঃ পেশাবের পর নির্গত গাঢ় সাদা পদার্থ।

(গ) মায়ীঃ যৌন উন্নেজনার চরম মহুর্তে বীর্য পাতের পূর্বে নির্গত শ্঵েত তরল পদার্থ।

বীর্য পবিত্র, তবে ধূয়ে নেওয়া মুস্তাহাব যদি ভিজে থাকে। আর শুকিয়ে গেলে তা রগড়ে নিলেই যথেষ্ট হয়।

(ঘ) হারাম পশু-পাখির মল ও পেশাব। তবে হালাল পশু-পাখির মল পেশাব পবিত্র।

উল্লিখিত এই অপবিত্র জিনিসগুলো অবশ্যই ধূয়ে ফেলতে হবে এবং শরীরে ও কাপড়ে লাগলে তা দূর করতে হবে।

(ঙ) মাসিক ও নেফাসের রক্ত।

মায়ী কাপড়ে লাগল, তাতে পানির ছিটা মারলেই হবে।

#### অপবিত্রতার বিধানঃ

১। যদি মানুষের জামা-কাপড় বা শরীরে এমন কিছু অপবিত্র জিনিস লাগে যা নাপাক কি না জানে না, এমতাবস্থায় সে সম্পর্কে জিজ্ঞাসাবাদ করা তার উপর ওয়াজিব নয় এবং তা ধূয়ে ফেলারও প্রয়োজন নেই। কারণ, প্রত্যেক জিনিসের প্রকৃতিই হলো পবিত্র।

(২) নামায শেষ করার পর যদি কেউ শরীরে বা কাপড়ে এমন নাপাক জিনিস দেখে যার সম্পর্কে তার জানা ছিল না অথবা জানা ছিল কিন্তু ভুলে গিয়েছিলো, তাহলে প্রাধান্যপ্রাপ্ত উক্তি অনুযায়ী তার নামায শুন্দ গণ্য হবে।

(৩) কাপড়ে অপবিত্র লাগা স্থান ঠিক জানা না থাকলে, যথাসাধ্য তার খোঁজ করতে হবে এবং সেই স্থানটা ধূতে হবে, যেটার ব্যাপারে তার বেশীরভাগ ধারণা যে এখানেই লেগেছে। কেননা, অপবিত্র জিনিস উপলব্ধি করা যায়। তার রঙ ও গন্ধ আছে।